



২১ শে আগস্ট গ্রেনেড হামলা মামলার রায়ের বিরুদ্ধে আপিল শুনানি বৃহস্পতিবার



সংগৃহীত ছবি

বহুল আলোচিত একুশে আগস্ট গ্রেনেড হামলা মামলায় হাইকোর্টে খালাস পাওয়া বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ও সাবেক স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী লুৎফুজ্জামান বাবরসহ সব আসামির বিরুদ্ধে রাষ্ট্রপক্ষের আপিলের শুনানির তারিখ আগামী বৃহস্পতিবার নির্ধারণ করেছে আপিল বিভাগ।

মঙ্গলবার (১৫ জুলাই) প্রধান বিচারপতি ড. সৈয়দ রেফাত আহমেদের নেতৃত্বাধীন পাঁচ বিচারপতির আপিল বেঞ্চ এই আদেশ দেন।

চলতি বছরের ১২ জানুয়ারি, বিচারপতি এ কে এম আসাদুজ্জামান ও বিচারপতি সৈয়দ এনায়েত হোসেনের নেতৃত্বাধীন হাইকোর্ট বেঞ্চ এক ঐতিহাসিক রায়ে সব আসামিকে খালাস দেন। রায়ের আদালত বলেন, একুশে আগস্ট গ্রেনেড হামলা মামলার বিচার প্রক্রিয়া ছিল অবৈধ এবং তা আইনগত ভিত্তি থেকে মুক্ত ছিল না। বিচারিক আদালতের চার্জশিট আইনসম্মতভাবে গৃহীত হয়নি বলেও রায়ের উল্লেখ করা হয়। এ রায়ের বিরুদ্ধে রাষ্ট্রপক্ষ আপিল করে, যা এখন শুনানির অপেক্ষায়।

মঙ্গলবারের শুনানিতে বিএনপির পক্ষে আদালতে উপস্থিত ছিলেন ব্যারিস্টার জমির উদ্দিন সরকার, জয়নুল আবেদীন, ব্যারিস্টার মাহবুব উদ্দিন খোকন, ব্যারিস্টার কায়সার কামাল, ব্যারিস্টার রুহুল কুদ্দুস কাজল, অ্যাডভোকেট গাজী কামরুল ইসলাম সজল, অ্যাডভোকেট আমিনুল ইসলাম, অ্যাডভোকেট মাকসুদ উল্লাহ, অ্যাডভোকেট জাকির হোসেন, অ্যাডভোকেট আনিসুর রহমান রায়হান বিশ্বাস, অ্যাডভোকেট সামসুল ইসলাম মুকুলসহ অনেকে। রাষ্ট্রপক্ষে শুনানিতে উপস্থিত ছিলেন অ্যাটর্নি জেনারেল মো. আসাদুজ্জামান।

২০১৮ সালের ১০ অক্টোবর বিচারিক আদালত মামলার রায় প্রদান করে। তাতে সাবেক স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী লুৎফুজ্জামান বাবর, সাবেক উপমন্ত্রী আবদুস সালাম পিণ্টুসহ মোট ১৯ জনকে মৃত্যুদণ্ড এবং বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান, খালেদা জিয়ার রাজনৈতিক সচিব হারিছ চৌধুরী ও বিএনপি নেতা কাজী শাহ মোফাজ্জল হোসেন কায়কোবাদসহ আরও ১৯ জনকে যাবজ্জীবন কারাদণ্ড দেওয়া হয়।

মৃত্যুদণ্ডপ্রাপ্তদের মধ্যে ছিলেন সাবেক প্রতিমন্ত্রী লুৎফুজ্জামান বাবর, আবদুস সালাম পিণ্টু, মেজর জেনারেল (অব.) রেজাকুল হায়দার চৌধুরী, ব্রিগেডিয়ার জেনারেল (অব.) আবদুর রহিম, হানিফ পরিবহনের মালিক মো. হানিফ, জঙ্গি নেতা মাওলানা তাজউদ্দীন, মাওলানা শেখ আবদুস সালাম, মাওলানা শেখ ফরিদ, মাওলানা আবু সাইদ, মুফতি মঈনউদ্দিন শেখ ওরফে আবু জাম্বাল, হাফেজ আবু তাহের, মো. ইউসুফ ভাট ওরফে মাজেদ ভাট, আবদুল মালেক, মফিজুর রহমান ওরফে মহিবুল্লাহ, আবুল কালাম আজাদ ওরফে বুলবুল, মো. জাহাঙ্গীর আলম, হোসাইন আহমেদ তামিম, রফিকুল ইসলাম ওরফে সবুজ এবং মো. উজ্জ্বল ওরফে রতন।

এছাড়াও যাবজ্জীবন সাজাপ্রাপ্তদের মধ্যে ছিলেন শাহাদাৎ উল্লাহ ওরফে জুয়েল, মাওলানা আবদুর রউফ (আবু ওমর), আবু হোমাইরা (পীরসাহেব), মাওলানা সাকিবর আহমদ (আবদুল হাম্মান সাকিবর), আরিফ হাসান (সুজন/আবদুর রাজ্জাক), হাফেজ মাওলানা ইয়াহিয়া, আবু বকর ওরফে সেলিম হাওলাদার, মো. আরিফুল ইসলাম ওরফে আরিফ, মহিবুল মোতাকিন, আনিসুল মুরছালিন, মো. খলিল, জাহাঙ্গীর আলম বদর, মো. ইকবাল, লিটন, তারেক রহমান, হারিছ চৌধুরী, কাজী শাহ মোফাজ্জল হোসেন কায়কোবাদ, মুফতি শফিকুর রহমান, মুফতি আবদুল হাই এবং রাতুল আহমেদ বাবু।

২০০৪ সালের ২১ আগস্ট বিকেলে রাজধানীর বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ে আওয়ামী লীগের সমাবেশে ভয়াবহ গ্রেনেড হামলা চালানো হয়। ওই হামলায় মহিলা-বিষয়ক সম্পাদক আইডি রহমানসহ ২৪ জন প্রাণ হারান। আহত হন তৎকালীন বিরোধীদলীয় নেতা শেখ হাসিনাসহ আওয়ামী লীগের বহু নেতাকর্মী।